



**2023/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC-402T/171**

TDC (CBCS) Even Semester Exam., 2023

BENGALI

(Honours)

(4th Semester)

Course No. : BNGHCC-402T

(রবীন্দ্র সাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণ মান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাঠ্যসূচী সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :

২×১০=২০

১। “আর কত দূরে নিয়ে যাবে মোরে হে সুন্দরী?” কোন্ কবিতার
অংশ? কবিতাটির প্রকাশকাল কত?

২। শূন্যস্থান পূর্ণ করো :

“ ‘মাগো আসি’ সে কহিল বিষন্ন নয়ন
ম্লান মুখে _____ ”

কোন্ কবিতার পংক্তি?



(2)

- ৩। 'বৈষ্ণব কবিতা' কত সালে রচিত? কবিতাটি কোন্ কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?
- ৪। কুমুদিনীর ভাইয়ের নাম কী? শ্যামাসুন্দরী মধুসূদনের কে হয়?
- ৫। 'যোগাযোগ' উপন্যাসে কুমুদিনীর বয়স কত বলে উল্লেখ করা হয়েছে? সে কোন্ বংশের কন্যা ছিল?
- ৬। মধুসূদন ও কুমুদিনীর ছেলের নাম কী? তার কততম জন্মদিনের উল্লেখ উপন্যাসের সূচনায় পাওয়া যায়?
- ৭। 'মুক্তধারা' নাটকটি প্রথম কোন্ সনে, কোন্ পত্রিকায় মুদ্রিত হয়?
- ৮। 'মুক্তধারা' কী ধরনের নাটক? নাটকটিতে উত্তরকূটের রাজার নাম কী?
- ৯। 'মুক্তধারা' নাটকের পূর্বকল্পিত নাম কী ছিল? নাটকটিতে যন্ত্ররাজ বলতে কাকে বোঝানো হয়েছে?
- ১০। শূন্যস্থান পূর্ণ করো :
যুরোপীয় সভ্যতা যে ঐক্যকে আশ্রয় করিয়াছে তাহা _____
ভারতবর্ষীয় সভ্যতা যে ঐক্যকে আশ্রয় করিয়াছে তাহা _____
- ১১। রবীন্দ্রনাথের মতে মানুষের উৎসব কবে?
- ১২। 'মনুষ্য' প্রবন্ধটি কত বন্ধকে লেখা হয়েছে? "_____ পৃথিবীর সমস্ত প্রেম সম্পর্কের মধ্যে ঈশ্বরকে অনুভব করিতে চেষ্টা করিয়াছে।" (শূন্যস্থান পূর্ণ করো)

J23/571

(Continued)

(3)

- ১৩। 'জীবনস্মৃতি' কার আত্মজীবনী? 'জীবনস্মৃতি' কী ধরনের রচনা?
- ১৪। 'জীবনস্মৃতি' গ্রন্থটির রচনাকাল কত? এতে মোট পর্বসংখ্যা কয়টি?
- ১৫। 'জীবনস্মৃতি' গ্রন্থে রবীন্দ্রনাথের শিক্ষাজীবনে উল্লিখিত দুজন শিক্ষকের নাম লেখো।

SECTION—B

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

১০×৫=৫০

- ১৬। 'সোনার তরী' কাব্যগ্রন্থের অন্তর্গত 'সোনার তরী' কবিতার মূল ভাব সংক্ষেপে আলোচনা করো।
- ১৭। 'নিকরদেশ যাত্রা' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।
- ১৮। 'যোগাযোগ' উপন্যাসের মধুসূদন চরিত্রটি বিশ্লেষণ করো।
- ১৯। শ্রেণীসংঘাত 'যোগাযোগ' উপন্যাসে একটি বিশেষ ভূমিকা গ্রহণ করেছে—সংক্ষেপে আলোচনা করো।
- ২০। রূপক সাংকেতির নাটক হিসেবে 'মুক্তধারা' নাটকটির সার্থকতা আলোচনা করো।
- ২১। 'মুক্তধারা' নাটকের অভিজিৎ চরিত্রটি বিশ্লেষণ করো।

J23/571

(Turn Over)



- ২২। “জগতের যেখানে অব্যাহত শক্তির প্রচুর প্রকাশ, সেইখানেই যেন মূর্তিমান উৎসব।” “উৎসবের দিন’ প্রবন্ধ অবলম্বনে উক্তিটির তাৎপর্য আলোচনা করো।
- ২৩। রবীন্দ্রনাথের ‘মনুষ্য’ প্রবন্ধে যে সাহিত্য ভাবনার প্রকাশ ঘটেছে তা নিজের ভাষায় আলোচনা করো।
- ২৪। জীবনী ও আত্মজীবনীর পার্থক্য আলোচনা করো এবং ‘জীবনস্মৃতি’ জীবনী না আত্মজীবনী তা আলোচনা করো।
- ২৫। ‘জীবনস্মৃতি’তে রবীন্দ্রনাথের কবি হয়ে ওঠার কাহিনি উপস্থাপন করো।
